সংবাদ

তারিখ 4 JUL 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

# ‘শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে’

প্রতিনিধি, বান্দরবান

বান্দরবান কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের একাদশ শ্রেণীর ক্লাস উদ্বোধন ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গত রোববার সকালে কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বীর বাহাদুর এমপি। জেলা প্রশাসক দিলীপ কুমার বণিকের সভাপতিত্বে অন্যদের মধ্যে পুলিশ সুপার সঞ্জিত কুমার রায়, বান্দরবান সরকারি কলেজের অক্ষ্যক সুকুমার দত্ত, মহিলা কলেজের অক্ষ্যক প্রদীপ বড়ুয়া, অতিরিক্ত পুলিশ সুপার কামিরুজ্জামান, বান্দরবান সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আব্দুল কুদ্দুছ, আঞ্চলিক পরিষদ সদস্য শফিকুর রহমান, কাজল কান্তি দাশ, পার্বত্য জেলা পরিষদ সদস্য লক্ষ্মী পদ দাশ, কালেক্টরেট কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সুর্বণা চৌধুরীসহ শিক্ষা প্রতিষ্ঠানটির ছাত্রছাত্রী, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এদিকে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে পার্বত্য প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার দেশের শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। ধাপে ধাপে সব শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করা হচ্ছে। তিনি বলেন, শিক্ষার্থীদের নিজ দায়িত্ববোধ থেকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। বাবা-মা'রা শিক্ষার জন্য অনেক ত্যাগ শিকার করে। তাদের পিতা-মাতারা কত কষ্ট করে তাদের মানুষের মতো মানুষ করার জন্য চেষ্টা চালিয়ে যায়। সুতরাং শিক্ষার্থীদের প্রতি আমার আহবান থাকবে তোমরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে হবে। প্রতিমন্ত্রী বলেন, লেখা পড়ার পাশাপাশি ছেলেমেয়েদের খেলাধুলায় মনোযোগি হতে হবে। শিক্ষার সাথে প্রতিযোগিতা করতে হলে শিক্ষার মান বাড়ানো খুবই প্রয়োজন। তিনি বলেন, শিক্ষার মান ভালো না হলে যে কোন বাইরে শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা টিকে থাকা সম্ভব হবে না। ভবিষ্যৎ প্রজন্মদের মানসম্মত শিক্ষা প্রদানে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। প্রতিমন্ত্রী বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করে এবং একাদশ ভর্তি কার্যক্রমের উদ্বোধন করেন। এছাড়াও প্রতিমন্ত্রী শিক্ষার উন্নয়নে এক কোটি টাকা ব্যয়ে কলেজের নতুন ভবন নির্মাণ করার ঘোষণা দেন।